গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম।
www.chc.gov.bd

[প্রশাসন শাখা]

নথি নং-এস-৪/২৫/প্রশাসন/যানবাহন অকেজো/২০১৯-২০ / ৩২৮৫ (কাস) তারিখ: /১১/২০২৬ খ্রি.

09 NOV 2026

০৮(আট)টি অকেজো গাড়ী জরুরি নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০১-০৯-২০২৬ খ্রি. তারিখে যানবাহন ও অফিস সরঞ্জামাদি অকেজো ঘোষণা সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত মোতাবেক কাস্টমস হাউস, চট্টগ্রামের নিম্নবর্ণিত অকেজো গাড়ীগুলো যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাদের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	রেজিষ্ট্রেশন নম্বর	প্রস্তুতকাল ও প্রস্তুতকারীর নাম	যে স্থানে আছে
১.	চট্ট মেট্রো-ঘ-১১-১৩৪২	মডেল- ২০০৯, Mitsubishi Pajero Jeep-09 তৈরি দেশ: জাপান।	কাস্টমস হাউস, চট্টগ্রাম প্রাঙ্গণে।
২.	চট্ট মেট্রো-ঘ-১১-০৪৮৯	মডেল- ২০০৪ Mitsubishi Pajero Jeep তৈরি দেশ: জাপান।	কাস্টমস হাউস, চট্টগ্রাম প্রাঙ্গণে।
৩.	ঢাকা মেট্রো-খ-১১-৮৯২৬	মডেল- ২০০০ Mitsubishi -2000 তৈরি দেশ: জাপান।	কাস্টমস হাউস, চট্টগ্রাম প্রাঙ্গণে।
৪.	চট্ট মেট্রো-ঘ-০২-০০১৪	মডেল- ১৯৯৫ Mitsubishi Pajero Jeep তৈরি দেশ: জাপান।	কাস্টমস হাউস, চট্টগ্রাম প্রাঙ্গণে।
৫.	চট্ট মেট্রো-ক-০২-২৭৭২	মডেল- ১৯৯৬ Toyota Saloon তৈরি দেশ: জাপান।	কাস্টমস হাউস, চট্টগ্রাম প্রাঙ্গণে।
৬.	চট্ট মেট্রো-ক-০২-২৭৭৩	মডেল- ১৯৯৬ Toyota Saloon তৈরি দেশ: জাপান।	কাস্টমস হাউস, চট্টগ্রাম প্রাঙ্গণে।
৭.	চট্ট মেট্রো-ক-০২-২০৬৬	মডেল- ১৯৯৫ Toyota Saloon তৈরি দেশ: জাপান।	কাস্টমস হাউস, চট্টগ্রাম প্রাঙ্গণে।
৮.	চট্ট মেট্রো-ঘ-০২-০৩০২	মডেল- ১৯৯২ Toyota Land Cruiser তৈরি দেশ: জাপান।	কাস্টমস হাউস, চট্টগ্রাম প্রাঙ্গণে।

শর্তাবলী:

১. দরপত্রসমূহ আগামী ২৫/১১/২০২৬ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে ফেলতে হবে এবং একই দিন বেলা ১২.৩০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) তা খোলা হবে।

২. দরপত্র দাখিলের বেলায় প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে এবং ব্যক্তিগত পর্যায়ে সাদা কাগজে কোটেশন দাতার নাম ও পূর্ণ ঠিকানা (স্থায়ী ও বর্তমান) টেলিফোন নম্বরসহ (যদি থাকে) উল্লেখ করতে হবে। দরপ্রস্তাবের সাথে দরদাতার হালনাগাদ ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে), আয়কর সনদপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জাতীয় পরিচয়পত্র (NID)-এর অনুলিপি দাখিল করতে হবে। দরপত্র দলিল যথাযথভাবে পূরণ করতে হবে এবং দরমূল্য সংখ্যা ও কথায় (TAX ও VAT ব্যতীত)

উল্লেখ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিলযোগ্য হবে। একজন ব্যক্তি/প্রতিষ্ঠান একটি অথবা একাধিক গাড়ীর জন্য ভিন্ন ভিন্ন আবেদনপত্র দাখিল করতে পারবেন।

৩. টেন্ডার সেল এর ক্যাটালগ দরপত্র আগামী ১০/১১/২০২৬ খ্রি. হতে ২৪/১১/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্যাটালগ ও দরপত্র দলিলসহ [তফসিলের (সিডিউল) মূল্য প্রতিটি গাড়ির জন্য ৫০০/- (পাচঁশত) টাকা (অফেরতযোগ্য)] কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, চট্টগ্রাম বরাবর এ চালান (কোড: 1110203102008-110000000-11001000-1422328) মাধ্যমে পরিশোধ করতে হবে। পরিশোধিত এ চালান কপিসহ অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (প্রিভেন্টিভ ও প্রশাসন) বরাবর দরপত্র দলিল ক্রয়ের জন্য আবেদনপত্র দাখিল করতে হবে।

৪. এছাড়া, দরপত্রে উল্লিখিত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) হারে জামানত হিসাবে (ফেরতযোগ্য) কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম-এর অনুকূলে পে-অর্ডার আকারে প্রতিটি গাড়ীর জন্য পৃথক পৃথকভাবে দরপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

৫. নির্বাচিত দরদাতাকে Letter of Acceptance (LOA) প্রাপ্তির তারিখ হতে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সম্পূর্ণ গৃহীত দরমূল্য সরকারি কোষাগারে নির্ধারিত কোডে জমা দিতে হবে এবং প্রচলিত আইন অনুযায়ী প্রযোজ্য VAT, AIT, Sales Tax/অন্যান্য কর ও ফি পরিশোধ করতে হবে। অর্থ জমার চালান ও কর পরিশোধের প্রমাণ দাখিল করতে হবে। যানবাহনের মূল্য অংক ও কথায় স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সর্বোচ্চ দরদাতা নির্দিষ্ট সময়ের মধ্যে নিলামকৃত যানবাহন সংগ্রহ করতে ব্যর্থ হলে তার জামানত বাজেয়াপ্ত হবে এবং পরবর্তী দরদাতাকে নিলামে যোগ্য বিবেচনা করা হবে।

৬. প্রতি কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে উপরোক্ত যানবাহনগুলো বর্ণিত স্থানে বেলা ১২.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত দেখা যাবে। উল্লেখ্য, অকেজো ঘোষিত যানবাহন পুন: রেজিস্ট্রেশন যোগ্য নহে।

৭. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কমিশনার অব কাস্টমস সংরক্ষণ করেন।

09.11.26

শরীফ মোহাম্মদ আল আমিন
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (প্রিভেন্টিভ ও প্রশাসন)
কমিশনার অব কাস্টমস এর পক্ষে
ফোন: ০২৩৩৩৩১৩৯১৮
Email: customhousectg@nbr.gov.bd